দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 1 0 1999
পৃষ্ঠা ... কলাম ...

## জামালপুরে মুক্তিযোদ্ধার সন্তানদের ৩০% কোটা অগ্রাহ্য

## প্রধানমন্ত্রী ও শিক্ষা কর্তৃপক্ষের কাছে ফরিয়াদ জানিয়েও কোন সুফল পাওয়া যায়নি

### –জান্নাতুল ফেরদৌস

**স্টাফ রিপোর্টার ঃ** মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% সংরক্ষিত কোটায় প্রাথমিক শিক্ষা অধিদফতর প্রয়োজনীয় সহকারী শিক্ষিকা নিয়োগ না করায় জামালপুরের সরিষাবাড়ী থানার জান্নাতুল ফেরদৌস প্রতিবাদ জানিয়েছেন। এ ব্যাপারে গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে জান্নাতুল ফেরদৌস জানান, গত বছর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা পদে জামালপুর জেলা হতে তিনিসহ মোট ৮ জন প্রকৃত মুক্তিযোদ্ধার সন্তান আবেদন করেন এবং পরীক্ষা দেন। কিন্তু জেলার সর্বমোট ২০৮টি শূন্য পদের মধ্যে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% সংরক্ষিত কোটার ৬২টি পদে একজনকেও নিয়োগ দেয়া হয়নি। পরে এ নিয়ে প্রাথমিক শিক্ষা অধিদফতরের উর্ধ্বতন কর্তৃপক্ষ ও প্রধানমন্ত্রীর কাছে ফরিয়াদ জানিয়েও তিনি কোন সুফল না পাওয়ায় ক্ষোভ প্রকাশ করেন এবং অবিলম্বে উক্ত কোটার বিপরীতে তাদেরকে নিয়োগের দাবী জানিয়ে মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান প্রদর্শনের আহবান জানান।